দৈনিক জনকণ্ঠ

তারিখ 07 JAN 2008
পৃষ্ঠা 8 কলাম 7

# মেয়াদোত্তীর্ণ চবি শিক্ষক সমিতি নেতৃবৃন্দের পদত্যাগ দাবি

চবি সংবাদদাতা ॥ মেয়াদোত্তীর্ণ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি নেতৃবৃন্দের পদত্যাগ দাবি করেছেন বাঙালী জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ প্রগতিশীল শিক্ষক সমাজ। জাতীয় ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের স্বার্থ সংরক্ষণে ব্যর্থতা, পেশাগত সুযোগ-সুবিধা, সমস্যা ও মানোন্নয়নসহ বিভিন্ন ইস্যুতে বর্তমান কমিটিকে ব্যর্থ আখ্যা দিয়ে অবিলম্বে তাদের সরে যাওয়ার দাবি জানানো হয়। রবিবার প্রগতিশীল শিক্ষক সমাজের সমন্বয়ক হেলাল নিজামী এক বিবৃতিতে বলেন, দেশের বিরাজমান জাতীয় সঙ্কট এবং নিয়ন্ত্রিত পরিবেশে দুই নেত্রীর গ্রেফতার ও অস্বচ্ছ বিচার প্রক্রিয়া নিয়ে টুঁ-শব্দটিও করেনি চবি শিক্ষক সমিতি। ঢাকা বিশ্ববিদ্যালয়ে সেনাসদস্য কর্তৃক ছাত্র নিগ্রহের ঘটনায় ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বারো শিক্ষক কারাবন্দী হলেও তাদের প্রতি ন্যূনতম সহানুভূতি প্রকাশ করেনি শিক্ষক সমিতির বর্তমান কমিটি। রহস্যজনক কারণে বরাবরই থেকেছে নিষ্ক্রীয়। দেশে বিদ্যমান জরুরি অবস্থার অজুহাত দেখিয়ে বর্তমান কমিটি দীর্ঘদিন সাধারণসভা আহ্বানে বিলম্ব করছে। এটা বর্তমান কমিটির ক্ষমতা আঁকড়ে ধরার একটি অজুহাত। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠান জাতীয় ইস্যুতে প্রতিনিয়ত সভা মৌনমিছিল ও মানববন্ধনের মতো কর্মসূচি পালন করছে। এ ব্যাপারে নীরব চবি শিক্ষক সমিতি। প্রগতিশীল শিক্ষক সমিতির পক্ষ থেকে অবিলম্বে সমিতির কার্য নির্বাহী পরিষদ দ্রুত সাধারণসভা আহ্বান করে নতুন কার্য নির্বাহী পরিষদ নির্বাচনের দাবি তোলা হয়।